যুগান্তর

তারিখ ০১ 1-8-2006
পৃষ্ঠা - 20 কলাম

জোট সরকারের ৫ বছর

# দলীয়করণ অনিয়ম ও দুর্নীতিতে বিপর্যস্ত দেশের শিক্ষা খাত

ইউসুফ আলী

শিক্ষাক্ষেত্রে পাঁচ বছরে জোট সরকারের কিছু সাফল্য থাকলেও দুর্নীতি-অনিয়ম ও দলীয় ভিত্তিতে নিয়োগ কেলেঙ্কারি এ সাফল্যকে ম্লান করে দিয়েছে। শিক্ষকদের বেতন বৃদ্ধিসহ বিভিন্ন দাবি-দাওয়ার ক্ষেত্রে সরকার প্রতিশ্রুতি পূরণ না করায় শিক্ষক সমাজে অসন্তোষ বৃদ্ধি পেয়েছে। ফাজিল ও কামিলকে মানে উন্নীত করায় মাদ্রাসা শিক্ষকদের একাংশ সন্তুষ্ট তবে স্বতন্ত্র আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকদের বেতন স্কেল না দেয়ায় শিক্ষকদের একাংশ চরম নাখোশ। শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থাগুলোতে খোঁজ নিয়ে জানা যায়, সার্বিক বিচারে এ খাতে

দুর্নীতি বন্ধে শিক্ষা মন্ত্রণালয় সম্পূর্ণ ব্যর্থ। জাতীয় বিশ্ববিদ্যালয়ে গণহারে এক হাজার দুশ' শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করা হয়েছে। ২০০৪ সাল থেকেই শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত বন্ধ রয়েছে। স্টপ পেমেন্ট আদেশের জন্য সরকারের বিরুদ্ধে শিক্ষকদের অর্ধশতাধিক রিট মামলা এখনও ঝুলছে। মহানগরীর বড় বড় শিক্ষা প্রতিষ্ঠানে মন্ত্রী, এমপি ও জোটের আত্মীয়স্বজনকে বসানো হয়েছে। শিক্ষকদের পদোন্নতি বন্ধ রয়েছে প্রায় দেড় বছর। শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন ৩৭টি প্রকল্পে রয়েছে চরম দুর্নীতি। দুর্নীতি ও অনিয়মের কারণে সেসিপ প্রকল্পের কার্যক্রম মুখ থুবড়ে পড়েছে। একই সঙ্গে একমুখী শিক্ষা কার্যক্রম চালু

## শিক্ষা খাত : ম্লান

(২০.পৃষ্ঠার পর) টিআইবি গত বছরের প্রতিবেদনে শিক্ষা খাতকে দেশের দ্বিতীয় দুর্নীতিগ্রস্ত খাত বলে চিহ্নিত করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন ৫ কো টাকার বই ক্রয়ে সীমাহীন দুর্নীতি ও অনিয়মের অভিযোগ উঠেছে। শিক্ষা ভবনের দুর্নীতি রো করতে সরকার ব্যর্থ হয়েছে। সরকারপন্থী শিক্ষক সংগঠনগুলো শিক্ষা ভবনের দুর্নীতিবা কর্মকর্তাদের দৌরাত্ম্য বন্ধে আন্দোলন করেছে। কম্পিউটার ক্রয় প্রকল্পের নামে শিক্ষা বোর্ডগুলো লাখ লাখ টাকার দুর্নীতি ও অনিয়ম ধরা পড়েছে। সরকারের শেষ বছরে উচ্চ শিক্ষ প্রতিষ্ঠানগুলোতে ছিল চরম অস্থিরতা। দুর্নীতি ও অনিয়মের অভিযোগে শিক্ষার্থীদের বিক্ষোভের মু সরকার তিনটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সরাতে বাধ্য হয়েছে। শাহজালাল বিজ্ঞান ও প্রযুি বিশ্ববিদ্যালয় গত ১৩ মে থেকে বন্ধ রয়েছে। এতে বিশ্ববিদ্যালয়টির শিক্ষা কার্যক্রম মারাত্মকভা বিঘ্নিত হচ্ছে। উপাচার্যের পদত্যাগের দাবিতে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোল এখনও অব্যাহত রয়েছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিবির নেতা সালেহীকে নিয়ে সৃষ্ট জটিলতা শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষকদের নিরাপত্তা প্রদানে সরকা চরমভাবে ব্যর্থ হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দু'জন শিক্ষাবিদকে সন্ত্রাসীদের হামলা শিকার হতে হয়েছে। সর্বশেষ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. আফতাব আহমেদকে ক্যাম্পা আবাসিক এলাকায় অজ্ঞাত সন্ত্রাসীদের হাতে জীবন দিতে হয়েছে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আই (সংশোধন)-১৯৯৫ দেড় বছরের বেশি সময় ধরে ঝুলে আছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে নেতৃত্বে গঠিত উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটির সুপারিশকৃত ৫টি বেসরকারি বিশ্ববিদ্যালয় বন্ধে প্রজ্ঞাপন এখনও জারি হয়নি। সরকারের মেয়াদকালে শিক্ষা সংস্কারের লক্ষ্যে গঠিত দুটি শিক্ষ কমিশনের কোন সুপারিশ কার্যকর হয়নি। সর্বোপরি শিক্ষা মন্ত্রণালয়ের শীর্ষ দু'কর্মকর্তা শিক্ষামন্ত্রী ও প্রতিমন্ত্রীর মধ্যে ঠাণ্ডা লড়াই মন্ত্রণালয়ের কার্যক্রমে ব্যাপকভাবে বিঘ্ন সৃষ্টি করেছে।

এসব ব্যর্থতার পাশাপাশি বেশকিছু সাফল্যও রয়েছে শিক্ষা খাতে। সরকার পাঁচ বছরে ৪ হাজা ৮৫৪টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ৭০ হাজার শিক্ষক এমপিওভুক্ত করেছে। ৪৪টি সরকারি ও বেসরকারি নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়েছে। আরও ৫টি সরকারি বিশ্ববিদ্যালয় ও ৪টি বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদনের অপেক্ষায় আছে। পাঁচ বছরে বেসরকারি শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের মাধ্যমে গত এপ্রিল পর্যন্ত ৪৯ হাজার ২৬ জন শিক্ষককে ১৬৭ কোটি ৩ লাখ ৭ হাজার ১৩৭ টাকা ৬ পয়সা দিয়েছে। বেসরকারি শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ডের মাধ্যমে গত জুলাই পর্যন্ত ৭ হাজার ৬৬৩ জন শিক্ষকের বিপরীতে ১১৭ কোটি ৯২ লাখ ২১ হাজার ৫২ টাকা দিয়েছে। পাঁচশ' বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভোকেশনাল কোর্স চালু করা হয়েছে। কওমি মাদ্রাসা সনদের মান দেয়ার ঘোষণা দেয়া হয়েছে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ৮টি জোনাল অফিস স্থাপন ও গাজীপুরে মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন করা হয়েছে। সরকারি কলেজগুলোতে ডিসেম্বর-২০০১ থেকে ডিসেম্বর-২০০৫ পর্যন্ত বিভিন্ন পর্যায়ের ৩ হাজার ৬১২ জন শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া চলমান ২৭তম বিসিএসের মাধ্যমে প্রায় ২ হাজার ৫শ শিক্ষক ও অন্যান্য ক্যাডারে নিয়োগ দেয়া হবে। সরকারি স্কুল শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে ১ হাজার ৭০০ জন। পাঁচ বছরে বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে ১ হাজার ২৬৫ জন মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রদান ও টিউশন ফি মওকুফ করা হয়েছে। গত পাঁচ বছরে দেশের ৪৬১টি জেলায় ১ কোটি ৬৩ লাখ ৬৯ হাজার ৮১৬ জন ছাত্রীকে উপবৃত্তি দেয়া হয়েছে শিক্ষাক্রম পরিমার্জন, পাঠ্যপুস্তক প্রকাশনা বেসরকারিকরণ, বিদ্যালয়ভিত্তিক মূল্যায়ন এবং ষষ্ঠ ও অষ্টম শ্রেণীতে প্রাক-মূল্যায়ন পরীক্ষা প্রবর্তন করা হয়েছে।

মেয়াদের শেষ সময়ে এসে বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে সৃষ্ট শিক্ষক আন্দোলন সবকিছু ম্লান করে দিয়েছে। বেসরকারি শিক্ষকদের সঙ্গে সরকারি প্রাথমিক শিক্ষকরাও বেতন বৈষম্য দূরীকরণের দাবিতে আন্দোলন শুরু করেন। একই সঙ্গে বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকরা শতভাগ বেতন প্রদানসহ বিভিন্ন দাবিতে ধর্মঘট শুরু করেন। কমিউনিটি প্রাথমিক শিক্ষক ও সরকারি কলেজ শিক্ষকরাও দাবি-দাওয়া নিয়ে আন্দোলনে নামেন। জুন থেকে পুরো তিন মাস শিক্ষকরা শ্রেণীকক্ষ ছেড়ে রাজপথে অবস্থান করেন। আন্দোলনের কারণে তিন মাসের বেশি শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হয়। তীব্র আন্দোলনের পরিপ্রেক্ষিতে গত ৫ জুন বেসরকারি প্রাথমিক শিক্ষকদের জন্য প্রধানমন্ত্রী ও গত ৬ জুলাই শিক্ষামন্ত্রী শিক্ষকদের বেশকিছু দাবি পূরণের ঘোষণা দেন। শিক্ষকদের আন্দোলন এখনও শেষ হয়নি। সরকারি কলেজ শিক্ষকরা দাবি আদায়ে ক্লাস ও পরীক্ষা বর্জন করে লাগাতার ধর্মঘট পালন করছেন। বেসরকারি প্রাথমিক শিক্ষকরা ১০ নভেম্বর থেকে আমরণ অনশনে যাচ্ছেন। কমিউনিটি প্রাথমিক শিক্ষকরা দীর্ঘদিন থেকেই চাকরি জাতীয়করণের দাবি জানিয়ে আসছেন।

মঙ্গলবার শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক শিক্ষাক্ষেত্রে সরকারের পাঁচ বছরের সাফল্য-ব্যর্থতা নিয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। ব্যর্থতা সম্পর্কে মন্ত্রী জানান, শিক্ষাক্ষেত্রে এ সরকারের কোন ব্যর্থতা নেই। তবে কিছু কাজ সময়ের অভাবে অসমাপ্ত রয়ে গেছে। সুযোগ পেলে অসমাপ্ত কাজ সম্পন্ন করা হবে। অসমাপ্ত কাজের উল্লেখ করে মন্ত্রী বলেন, রাজনৈতিক বিরোধিতার কারণে একমুখী শিক্ষা চালু সম্ভব হয়নি। উচ্চশিক্ষার সম্প্রসারণ ও গুণগত মান উন্নয়নে অ্যাক্রিডিটেশন কাউন্সিল গঠন প্রায় চূড়ান্ত পর্যায়ে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন (সংশোধন) চূড়ান্ত হলেও কিছু সময়ের প্রয়োজন ছিল। সরকারে প্রতিশ্রুতি পূরণ না করা শিক্ষকদের সঙ্গে প্রতারণা কিনা— প্রশ্নের জবাবে বলেন, সরকার কোন প্রতারণা করেনি। শতভাগ বেতনই দেয়া হবে। শিগগিরই এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি হবে। পাঁচটি বেসরকারি বিশ্ববিদ্যালয় বন্ধের প্রজ্ঞাপন শিগগিরই জারি হবে।

শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন যুগান্তরকে জানান, স্বাধীনতার পর গত পাঁচ বছরে শিক্ষাক্ষেত্রে বিপ্লব সাধিত হয়েছে। পাবলিক পরীক্ষায় নকল প্রতিরোধ শিক্ষা মন্ত্রণালয়ের যুগান্তকারী সাফল্য। কারিগরি ও বৃত্তিমূলক এবং মাদ্রাসা শিক্ষাকে আধুনিকায়ন করা হয়েছে। বিভিন্ন ক্ষেত্রে